



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৫

তারিখ : ০৭-০৩-২০২৪ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র : ক) জনাব মোঃ হায়দার আলী গং-এর ০৫-০৯-২০২২ খ্রি. তারিখের আবেদন (আইডি নং-১৮০২৭)
খ) জেলা শিক্ষা অফিসার, খুলনা-এর গত ১৩-০১-২০২৪ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদন।

খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন রাডুলী ভুবন মোহিনী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের উপর হামলা ও বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে প্রধান শিক্ষক জনাব গৌতম কুমার ঘোষ কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে গত ১৪-১২-২০২২ খ্রি. তারিখে যশোর শিক্ষা বোর্ড জেলা শিক্ষা অফিসার, খুলনা-কে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করে পত্র প্রদান করেন। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। প্রতিবেদনে প্রথম বিবেচ্য বিষয় সভাপতি কর্তৃক প্রধান শিক্ষকের উপর চাপ, অনৈতিক দাবী ও হুমকী দেয়ার বিষয়গুলোর মধ্যে চাপ থাকার বিষয়টি পারস্পারিক বক্তব্যে প্রতীয়মান হয়েছে। দ্বিতীয় বিবেচ্য বিষয় প্রধান শিক্ষককে শারীরিকভাবে লাঞ্চিত করা, কানধরে চেয়ার থেকে উঠানো ও গলা ধাক্কা দিয়ে বের করে দেয়ার বিষয়ে উপস্থিত স্বাক্ষী পারস্পারিক বক্তব্যের মাধ্যমে প্রমাণিত হওয়ায় চলমান ম্যানেজিং কমিটির সভাপতির পদ হতে কেন অব্যাহতি দেয়া হবে না তার জবাব পত্র জারীর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর-০২৪৭৭৬২৭০৫

সভাপতি, ম্যানেজিং কমিটি

রাডুলী ভুবন মোহিনী বালিকা মাধ্যমিক বিদ্যালয় (১১৭২৪৯)

পাইকগাছা, খুলনা

তারিখ : ০৭-০৩-২০২৪ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৫(১-৭)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা।
- ৫। প্রধান শিক্ষক, রাডুলী ভুবন মোহিনী বালিকা মাধ্যমিক বিদ্যালয়।
- ৬। জনাব মোঃ আজাদ শিকদার গং, অভিযোগকারী।
- ৭। সংরক্ষণ নথি।

০৭/০৩/২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

০৭/০৩/২৪